দৈনিক সংবাদ

তারিখ 0 1 DEC 1992
পৃষ্ঠা 7 কলাম 7

152

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ব্যাপক ভাংচুর ।। গুলি বোমাবাজি

## নির্বাচন স্থগিতের প্রতিবাদে আজ ধর্মঘট

রাজশাহী, ৩০শে নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।– রাকসু নির্বাচন স্থগিত ঘোষণার প্রতিবাদে আজ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হয়। গণতান্ত্রিক ছাত্রঐক্য ও ছাত্রলীগ (মে–ই) আগামীকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট ডেকেছে। আজ সকালের দিকে বিক্ষুব্ধ ছাত্ররা বিশ্ববিদ্যালয়ের কয়েকটি বাস ভাংচুর করে। এছাড়া গতকাল সারারাত ক্যাম্পাসে ব্যাপক বোমাবাজি ও গোলাগুলি হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্যে বিশ্ববিদ্যালয় এলাকায় বিপুলসংখ্যক দাঙ্গাপুলিশ মোতায়েন করা হয়েছে। গোলযোগের আশংকায় অনেক ছাত্র–ছাত্রী হল ছেড়ে চলে গেছে।

গণতান্ত্রিক ছাত্র ঐক্য এবং ছাত্রলীগ

রাজশাহী ঃ পৃঃ ১০ কঃ ৮

## রাজশাহী ঃ ব্যাপক ভাংচুর

(১ম পৃষ্ঠার পর)

(মে–ই) নির্বাচনের নতুন তারিখ ঘোষণা এবং উপাচার্য ও উপ–উপাচার্যের পদত্যাগের দাবিতে আগামীকাল রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট ডেকেছে।

এদিকে আজ সন্ধ্যায় ওয়ার্কার্স পার্টি কার্যালয়ে স্বাধীনতার পক্ষের রাজনৈতিক দলগুলোর পক্ষ থেকে এক সংবাদিক সম্মেলনে প্রধানমন্ত্রীর নির্দেশে বর্তমান সরকার সমর্থিত উপাচার্য কর্তৃক রাকসু নির্বাচন স্থগিত করার তীব্র নিন্দা জ্ঞাপন করা হয় এবং উপাচার্যকে সামাজিকভাবে বয়কটের সিদ্ধান্তের কথা জানানো হয়। সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ বলেন, উপাচার্য নগ্নভাবে নির্বাচন বানচালের জন্য ছাত্রদলের সন্ত্রাসী তৎপরতায় সমর্থন যুগিয়ে বিশ্ববিদ্যালয়কে উত্তেজনা কর পরিস্থিতিতে ঠেলে দিয়েছেন।